



জাতীয় ক্রীড়া পরিষদ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
Website: <http://nsc.gov.bd>
(প্রশাসন শাখা)



জাতীয় ক্রীড়া পরিষদ অগ্রিম ঋণ প্রদান নীতিমালা, ২০২৫

১. শিরোনাম: এ নীতিমালা 'জাতীয় ক্রীড়া পরিষদ অগ্রিম ঋণ প্রদান নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হবে।
২. অগ্রিম ঋণ প্রদান: গৃহ, জমি অথবা গৃহ মরোমত, কম্পিউটার ও বাই সাইকলে/মোটর সাইকলে অগ্রিম ঋণে ক্রয়।
- ৩। গৃহ নির্মাণ/গৃহ মরোমত অগ্রিম ঋণ প্রদান:
 - ৩.১ গৃহ নির্মাণ (গৃহ ক্রয়, জমি ক্রয় অথবা গৃহ মরোমত):
 - (ক) গৃহ নির্মাণ (গৃহ ক্রয়, জমি ক্রয়) অগ্রিম/ঋণ সর্বোচ্চ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা এবং গৃহ মরোমত অগ্রিম ঋণ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা নির্ধারিত।
 - (খ) গৃহ নির্মাণ অগ্রিম ঋণ সর্বোচ্চ ১২০ কিস্তি এবং গৃহ মরোমত অগ্রিম ঋণ সর্বোচ্চ ৬০ কিস্তিতে কর্তনযোগ্য।
 - (গ) গৃহ নির্মাণ অগ্রিম ঋণ উত্তোলনের দ্বাদশ মাসের বেতন গ্রহণের পর হতে আদায় শুরু হবে এবং গৃহ মরোমত অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে আদায় শুরু হবে। কোন কর্মকর্তা/কর্মচারি তার কর্মজীবনে এক বারের অধিক গৃহ নির্মাণ ঋণ পাবেন না। পূর্বে গৃহীত গৃহ নির্মাণ অগ্রিম ঋণের অর্থ সুদসহ পরিশোধ করা হলে গৃহ মরোমত ঋণ পেতে পারেন। তবে সংশ্লিষ্ট হিসাব শাখা হতে অবশ্যই অগ্রিম পরিশোধ সংক্রান্ত সনদপত্র (বিমোচনপত্র) দাখিল করতে হবে।
 - (ঘ) উপর্যুক্ত অগ্রিমের সুদ বার্ষিক শতকরা ১০/- টাকা হারে ধার্য হবে এবং অগ্রিমের অর্থ পরিশোধে ব্যর্থ হলে অগ্রিম গ্রহণকারীর নিকট হতে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে দত্ত সুদ করা হবে।
 - (ঙ) কোন অস্থায়ী কর্মকর্তা/কর্মচারির চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপর্যুক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে দুইজন স্থায়ী কর্মকর্তা/কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।
 - (চ) পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা উহার সুদের কোন অংশ অনাদায়ী থাকলে কিংবা বিমোচন পত্র দাখিল না করলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুরি প্রদান করা হবে না।
 - ৩.২ বছরের শুরুর্তে একটা দরখাস্ত আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। গৃহনির্মাণ অগ্রিম/ঋণ হিসেবে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ০৫ জনকে এবং গৃহ মরোমত হিসেবে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০ জনকে এরূপ প্রদান করা যাবে।
 - ৩.৩ অন্যান্য শর্তাদি এতদসঙ্গে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা দ্বারা নির্ধারিত হবে।
- ৪। কম্পিউটার অগ্রিম ঋণ প্রদান:
 - ক) কম্পিউটার ক্রয়ের জন্য একজন কর্মকর্তা/কর্মচারিগণকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম প্রদান করা যাবে।
 - খ) কম্পিউটার অগ্রিম সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) কিস্তিতে আদায়যোগ্য হবে। অগ্রিম উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে কিস্তিতে আদায় শুরু হবে।
 - গ) ন্যূনতম প্রাথমিক পর্যায়ের কম্পিউটার প্রশিক্ষণ নেই এমন কোন কর্মকর্তার অনুকূলে কম্পিউটার অগ্রিম মঞ্জুর করা যাবে না।
 - ঘ) কম্পিউটার অগ্রিমের জন্য দাখিলযোগ্য আবেদনপত্রের সাথে অগ্রিম গ্রহণেচ্ছুক কর্মকর্তা/কর্মচারিগণকে এ মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে যে কম্পিউটার অগ্রিম গ্রহণের পর গৃহীত সকল অগ্রিম পরিশোধের মাসিক কিস্তি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মূল বেতনের এক তৃতীয়াংশের অধিক হবে না এবং অগ্রিম মঞ্জুরির পূর্বে প্রশাসনিকভাবে এতদবিষয়ে নিশ্চিত হতে হবে।
 - ৪.২। কোন অস্থায়ী কর্মকর্তা/কর্মচারিগণের চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণপূর্বক আবেদন করতে পারবেন।
 - ৪.৩। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা উহার সাথে সুদের কোন অংশ অনাদায়ী থাকলে এবং এ সংক্রান্ত বিমোচনপত্র দাখিল না করা হলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না।
 - ৪.৪। উপর্যুক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী অগ্রিম পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।

DLH

জাফর

স্বাক্ষর

৪.৫ বছরের শুরুর্তে একটা দরখাস্ত আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। কম্পিউটার ক্রয়ে অগ্রিম/ঋণ হিসেবে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১০ জনকে এরূপ প্রদান করা যাবে।

৪.৬ অন্যান্য শর্তাদি এতদসঙ্গে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা দ্বারা নির্ধারিত হবে।

৫। মোটর সাইকেল অগ্রিম ঋণ প্রদান:

৫.১। মোটর সাইকেল:

ক) মোটর সাইকেল অগ্রিম/ঋণ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা মাত্র নির্ধারিত;

খ) এ অগ্রিম ঋণ উত্তোলনের প্রথম মাসের বেতন গ্রহণের পর হতে সর্বোচ্চ ৬০ (ষাট) কিস্তিতে আদায় যোগ্য।


৫.২। কোন অস্থায়ী কর্মকর্তা ও কর্মচারির চাকরিকাল ৫ (পাঁচ) বছর অতিক্রান্ত না হলে উপরোক্ত অগ্রিম ঋণ পাওয়ার যোগ্য হবেন না। তবে আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ২ (দুই) জন স্থায়ী কর্মকর্তা ও কর্মচারির নিকট হতে জামানতপত্র (সিকিউরিটি বন্ড) গ্রহণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

৫.৩। পূর্বে গৃহীত অগ্রিম ঋণ কিংবা এর সুদের কোন অংশ অনাদায়ী থাকলে আবেদনকৃত অগ্রিম ঋণ মঞ্জুর করা হবে না। পূর্বে ঋণ গ্রহণকারী আবেদনের সঙ্গে বিমোচনপত্র জমা না দিলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।


৫.৪। উপরোক্ত অগ্রিমের সুদের হার বার্ষিক শতকরা ১০/- টাকা। কিস্তি অনুযায়ী পরিশোধে ব্যর্থ হলে বার্ষিক শতকরা ১১/- টাকা চক্রবৃদ্ধি হারে সুদ আদায় হবে।

৫.৫ বছরের শুরুর্তে একটা দরখাস্ত আহবান করে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। কম্পিউটার ক্রয়ে অগ্রিম/ঋণ হিসেবে প্রতি অর্থ বছরে সর্বোচ্চ ১৫ জনকে এরূপ প্রদান করা যাবে।

৫.৬ অন্যান্য শর্তাদি এতদসঙ্গে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা দ্বারা নির্ধারিত হবে।


১৮/০৭/২০১৫
তানভীর খান
অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর
জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা


হাসমত-এ-আফজা
অফিস সুপার
জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।


১৮/০৭/২০১৫
মোঃ নিয়াজুল হোসান খান
সহকারী পরিচালক (প্রশাসন)
সাধারণ প্রশাসন